




প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বৈশাখী নারী উদ্যোক্তা মেলার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৩ মে ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হচ্ছে দু'দিনব্যাপী বৈশাখী নারী উদ্যোক্তা মেলা। ১৩ মে ২০২৪ তারিখ দুপুর ১ টায় বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের উদ্যোগে আয়োজিত এ মেলার উদ্বোধন করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, সাধারণ সম্পাদক ড. তারেক মাহমুদ আবীর, প্রক্টর ড. আব্দুল কাইউম, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট ড. হেনা রানী বিশ্বাস, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকমন্ডলী, হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ, সাধারণ সম্পাদক নাদিম মল্লিকসহ কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের আবাসিক শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত এ মেলায় থাকছে ১৬টি স্টল। মেলাটি ১৪ মে থেকে শুরু হয়ে ১৫ মে পর্যন্ত চলবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়